

ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ৩৭

আরবি মূল আয়াত:

وَلَقَدْ مَنَّا عَلَيْكَ مَرَّةً أُخْرَى ﴿٣٧﴾

অনুবাদসমূহ:

‘আর আমি আরো একবার তোমার প্রতি অনুগ্রহ করেছিলাম’। — আল-বায়ান

আমি তো তোমার উপর আরো একবার অনুগ্রহ করেছিলাম। — তাইসিরুল

এবং আমি তো তোমার প্রতি আর একবার অনুগ্রহ করেছিলাম। — মুজিবুর রহমান

And We had already conferred favor upon you another time, — Sahih International

৩৭. আর আমরা তো আপনার প্রতি আরো একবার অনুগ্রহ করেছিলাম;(১)

(১) মূসা আলাইহিস সালাম-কে এ সময় বাক্যলাপের গৌরবে ভূষিত করা হয়েছে, নবুওয়াত ও রিসালাত দান করা হয়েছে এবং বিশেষ বিশেষ মু'জিযা প্রদান করা হয়েছে। এর সাথে সাথে আল্লাহ তা'আলা আলোচ্য আয়াতে তাকে সেসব নেয়ামতও স্মরণ করিয়ে দিচ্ছেন, যেগুলো জন্মের প্রারম্ভ থেকে এ যাবত তার জন্য ব্যয়িত হয়েছে। উপর্যুপরি পরীক্ষা এবং প্রাণনাশের আশংকার মধ্যে আল্লাহ তা'আলা বিস্ময়কর পন্থায় তাঁর জীবন রক্ষা করেছেন। [দেখুন, ফাতহুল কাদীর]

তফসীরে জাকারিয়া

(৩৭) আমি তো তোমার প্রতি আরো একবার অনুগ্রহ করেছিলাম। [1]

[1] দু'আ কবুল হওয়ার সুসংবাদের সাথে সাথে অধিক সান্ত্বনা ও উৎসাহ দেওয়ার জন্য আল্লাহ তাঁর বাল্যকালের সেই অনুগ্রহের কথাও স্মরণ করাচ্ছেন, যখন তাঁর মা হত্যার ভয়ে আল্লাহর আদেশে তাঁকে তাঁর দুধপানের বয়সে একটি কাঠের কফিনে রেখে সমুদ্রে ভাসিয়ে দিয়েছিলেন।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2385>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন